# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ১ | ২ |

সময় — ২ ঘণ্টা ২০ মিনিট　　　　　　　　　　পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে]

১.▶ মিতা ও মীরা দুই বোন। মিতা ঈশ্বরকে জানার জন্য প্রচুর পড়াশোনা করে। সংসারের কোনো কাজের প্রতি তার মনোযোগ নেই। তার চিন্তা শুধু ঈশ্বরকে নিয়ে। অন্য দিকে মীরা পড়াশোনা করে জীবনে প্রতিষ্ঠা লাভ করতে চায়। সে বিভিন্ন ধর্মগ্রন্থ অধ্যয়নের পাশাপাশি পূজা-পার্বণও করে, যাতে সবাইকে নিয়ে সুখে-শান্তিতে জীবনযাপন করতে পারে।

ক. যজুর্বেদের কয়টি অংশ? ১

খ. ঈশ্বর সম্পর্কিত স্বামী বিবেকানন্দের বাণী ব্যাখ্যা কর। ২

গ. মীরা কোন বিদ্যা অধ্যয়ন করছে? তোমার পঠিত 'জ্ঞানীর দৃষ্টিতে ঈশ্বর' -এর আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. শাস্ত্র অনুযায়ী মীরাকে জ্ঞানী বলা যায় কি? তোমার পাঠ্য পুস্তকের আলোকে যুক্তি প্রদর্শন কর। ৪

২.▶ সুধীর বাবুর দুই ছেলে। বড় ছেলে ঢাকায় একটি বেসরকারি সংস্থায় চাকরি করে। আর ছোট ছেলে সংসারী। বড় ছেলে অফিসের কাজের ঝামেলায় সহজে বাড়ি যেতে পারে না। আর সেটিই সুধীর বাবুর ক্ষোভের কারণ। তিনি একবার খুব অসুস্থ হয়ে পড়েন। এ সময় তিনি তাঁর সম্পদের চার ভাগের তিন ভাগ ছোট ছেলের নামে লিখে দেন।

ক. যোগশাস্ত্রে যোগের কয়টি অঙ্গের কথা বলা হয়েছে? ১

খ. সৎসঙ্গকে অত্যন্ত মধুর বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ. সুধীর বাবুর আচরণের সঙ্গে নৈতিক মূল্যবোধের কোন দিকটির বৈসাদৃশ্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুধীর বাবুর কাজটি তোমার পঠিত "প্রহ্লাদের ন্যায়বিচার" উপাখ্যানের আলোকে মূল্যায়ন কর। ৪

৩.▶ শিক্ষক ধীমান বাবু যথাযথভাবে সন্তান লালনপালন করেছেন। তবে ছেলেমেয়েরা প্রতিষ্ঠিত হয়ে তাঁকে সুখে রাখবে এরূপ প্রত্যাশা তাঁর নেই। তিনি অনুভব করেন সংসারে নিঃস্বার্থ দায়িত্ব পালন করাই প্রকৃত ধর্ম। বিদ্যালয়ের শিক্ষার্থীদেরও তিনি নিজের সন্তানের মতোই গড়ে তুলতে সহায়তা করেন। শিক্ষার্থীরাও তাঁকে পিতার ন্যায় গভীর শ্রদ্ধা করে।

ক. সংহিতা মানে কী? ১

খ. বেদকে কেন অপৌরুষেয় বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. ধীমান বাবুর চারিত্রিক বৈশিষ্ট্যে শ্রীমদ্ভগবদ্গীতার কোন শিক্ষার প্রতিফলন ঘটেছে— তা তোমার পঠিত বিষয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর ধীমান বাবুর পক্ষে মোক্ষলাভ করা সম্ভব? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

৪. ▶ কোন এক দুর্ঘটনায় সজীব বাবু কোমর ও পিঠে ভীষণ আঘাত পেলেন। চিকিৎসায় সুস্থ হলেও তাঁর মেরুদণ্ড বাঁকা হয়ে যায়। তিনি সোজা হয়ে হাঁটতে পারেন না। তাই চিকিৎসক তাঁকে প্রয়োজনীয় ফিজিওথেরাপি দিয়ে একটি আসন অনুশীলনের পদ্ধতি শিখিয়ে দেন। নিয়মিত আসনটি অনুশীলনের ফলে এখন তিনি শুধু শারীরিকভাবেই নয়, মানসিকভাবেও সুস্থ।

ক. নমস্কার কীসের প্রতীক? ১

খ. নিত্যকর্ম অনুশীলনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. সজীব বাবু কোন আসন অনুশীলন করে আরোগ্য লাভ করেন? উক্ত আসন অনুশীলনের প্রক্রিয়াটি বর্ণনা কর। ৩

ঘ. 'সজীব বাবু শুধু শারীরিকভাবেই সুস্থ নন, তিনি এখন মানসিকভাবেও সুস্থ'– উক্ত আসনের পরিপ্রেক্ষিতে বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

৫. ▶ নমিতা দেবী চাকরিজীবী হলেও তিনি ধর্মকর্ম সুনিপুণভাবে পালন করেন। তিনি বাড়ির আঙ্গিনায় একটি রাধাগোবিন্দের মন্দির প্রতিষ্ঠা করে নিয়মিত পূজার আয়োজন করেন। তিনি এলাকার মানুষকে দেবদেবীর পূজার মাধ্যমেই ঈশ্বরজ্ঞানে পূর্ণতা লাভ করা যায়-এ বিষয়ে সচেতন করেন।

ক. জরসিন্ধ কোন রাজ্যের রাজা ছিলেন? ১

খ. মাআনন্দময়ীর কৃষ্ণপ্রেমে আকুল হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২

গ. নমিতাদেবীর সংসারধর্ম পালনের সাথে মা আনন্দময়ীর কর্মময় জীবনের কী বৈসাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. এলাকার মানুষের প্রতি নমিতাদেবীর ঈশ্বর আরাধনার বক্তব্য যেন মা আনন্দময়ীর বক্তব্যের প্রতিফলন– তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৬. ▶ দীপা ও অনিতা দুই বান্ধবী। অনিতা নিয়মিত গীতা পাঠ করে। অনিতা বলে হিন্দুধর্মের প্রাণ পুরুষদের মধ্যে শ্রীকৃষ্ণ সর্বশ্রেষ্ঠ। তিনি শৈশবকাল থেকেই দুষ্টদের দমন ও শিষ্টদের রক্ষা করছিলেন। আত্মা সম্পর্কেও অনেক বাণী দিয়েছেন। কংসের জেঠতুতো বোন দেবকীর গর্ভে তাঁর জন্ম হওয়া সত্ত্বেও তাঁর সাথে কংসের ছিল শত্রুতার সম্পর্ক।

ক. কংস কে? ১

খ. কংস দেবকীকে হত্যা করতে উদ্যত হলেন কেন? ২

গ. উদ্দীপকে অণিতার ভাষ্যে বর্ণিত প্রাণ পুরুষের সাথে কংসের শত্রুতার সম্পর্ক নিরূপণ কর। ৩

ঘ. শ্রীকৃষ্ণ আত্মা সম্পর্কে যে বাণী দিয়েছেন– তা বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৭.▶ ভাবুল সুজিত রায় ছোট বেলা থেকেই ধর্মগ্রন্থ পাঠে আগ্রহী ছিলেন। মানুষের সেবা করার জন্য তিনি হরিচাঁদ ঠাকুরের আদর্শ গ্রহণ করেছেনে। সে মনে করে সত্য, প্রেম ও পবিত্রতা-এই তিনটি বিষয়বস্তুকে আমাদের সর্বদা ধারণ করা উচিত। ঠাকুর বলেছেন "গৃহকর্ম গৃহধর্ম করিবে সকল। হাতে কাম মুখে নাম ভক্তিই প্রবল।"

ক. হরিচাঁদ ঠাকুর কত সালে জন্মগ্রহণ করেন? ১

খ. মতুয়াবাদের মূলকথা ব্যাখ্যা কর। ২

গ. সুজিত রায় কীভাবে সমাজের সুবিধাবঞ্চিত মানুষকে হরিচাঁদ ঠাকুরের আদর্শে অনুপ্রাণিত করবে? ৩

ঘ. উদ্দীপকের সুজিত রায়ের মানসিক চেতনার মাঝে যে মতবাদের দর্শন প্রতিফলিত হয়েছে– তা বিশ্লেষণ কর। ৪

৮.▶ ভোর রাতে ঝড়ের পর প্রদীপের ঘুম ভাঙল। ঘর থেকে বের হয়েই দেখে উঠানে একটি পাখি ডানা ছড়িয়ে পড়ে আছে। তার মনে পড়ে গেল ধর্ম শিক্ষক উপেন বাবুর কথা। তিনি বলেছিলেন; জীবসেবা মানে ঈশ্বর সেবা।" এ সব নীতি শিক্ষারই অঙ্গ। তাই প্রদীপ পাখিটিকে শুশ্রূষা করে সুস্থ করল এবং আকাশে উড়িয়ে দিল। প্রদীপের এই কাজে প্রতিবেশী সকলেই খুশি।

ক. পরলোকে মোক্ষলাভের অন্যতম প্রধান উপায় কী? ১

খ. 'নৈতিক মূল্যবোধগুলো ধর্মের অঙ্গ'– কথাটি ব্যাখ্যা কর। ২

গ. প্রদীপের পাখি সেবার মাধ্যমে সমাজের নৈতিক শিক্ষার কী প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত জীবসেবা সম্পর্কে উপেন বাবুর উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯.▶ 'বেদ' সনাতন ধর্মের আদি ধর্মগ্রন্থ। বেদ ঈশ্বরের বাণী। বেদের আরেক নাম 'শ্রুতি'। বেদ সঞ্চিত জ্ঞানভাণ্ডার যা প্রাচীন ঋষিগণ কর্তৃক দৃষ্ট। গভীর ধ্যানে এই বাণী বা কবিতাঈশ্বরের অপার মহিমায় ঋষিগণ স্রষ্টার নিকট থেকে পেয়েছেন। তাই ঋষিরা বলেছেন , তারা বেদ দর্শন করেছেন। এজন্য বেদকে বলা হয়েছে অপৌরুষেয়। বেদকে আশ্রয় করে বিশাল সাহিত্য গড়ে উঠেছে। বেদ সম্পর্কে ঋষি মনু বলেছেন– "বেদ অখিল ধর্ম মুলম্।"

ক. 'ঋক' শব্দের অর্থ কী? ১

খ বেদের আরেক নাম 'শ্রুতি' কেন? ২

গ. বেদ সংকলনে ঋষিদের ভূমিকা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বেদ সম্পর্কে ঋষি মনুর উক্তির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বিষয় কোড: ১ ১ ২

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১।]

১. পৃথিবীর সবকিছুর নিয়ন্ত্রণকারী কে?
ⓚ ব্রহ্মা ⓚh বিষ্ণু
ⓖ মহেশ্বর ⓖh ঈশ্বর

২. ভক্তের নিকট ঈশ্বর ভগবান। তিনি—
i. রসময়
ii. গুণময়
iii. আনন্দময়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh ii ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

৩. যজুর্বেদের কয়টি অংশ?
ⓚ ২ ⓚh ৩
ⓖ ৪ ⓖh ৫

৪. সকল জীবের মধ্যে চৈতন্যবোধ কে জাগ্রত করেন?
ⓚ ঈশ্বর ⓚh ভগবান
ⓖ ব্রহ্ম ⓖh পরমেশ্বর

৫. বেদের কোন অংশে মন্ত্রের ব্যাখ্যা দেয়া হয়েছে?
ⓚ ব্রাহ্মণ ⓚh আরণ্যক
ⓖ উপনিষদ ⓖh বেদান্ত

৬. জীবের মূলীভূত সত্তা হচ্ছে তার—
ⓚ আত্মা ⓚh পরমাত্মা
ⓖ জ্ঞান ⓖh ধর্ম

৭. কোন বেদকে আয়ুর্বেদ বা চিকিৎসাবিজ্ঞানের মূল বলা হয়?
ⓚ অথর্ববেদকে ⓚh ঋগ্‌বেদকে
ⓖ যজুর্বেদকে ⓖh সামবেদকে

৮. ধৃতরাষ্ট্র ও পাণ্ডু কোন বংশের সন্তান ছিলেন?
ⓚ কুরু বংশের ⓚh সূর্য বংশের
ⓖ শাক্য বংশের ⓖh চন্দ্র বংশের

৯. দেব-দেবী কার গুণ বা শক্তির প্রতিনিধি?
ⓚ বিষ্ণুর ⓚh ঈশ্বরের
ⓖ ব্রহ্মার ⓖh শিবের

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
অনুপ্রভা নিয়মিত সুরারোপ করে বেদের একটি সংহিতা পাঠ করেন। এছাড়া মাঝে মাঝে তিনি বেদের অন্যান্য সহিংতাও পাঠ করেন।

১০. অনুপ্রভা নিয়মিত কোন বেদ পাঠ করেন?
ⓚ ঋগবেদ ⓚh সামবেদ
ⓖ যজুর্বেদ ⓖh অথর্ববেদ

১১. অনুপ্রভা উক্ত ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে জানতে পারবেন—
i. পরম ব্রহ্মা সম্পর্কে
ii. দেবতাদের সম্পর্কে
iii. ঋষিদের সম্পর্কে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh ii ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

১২. গীতায় প্রাধান্য দেওয়া হয়েছে কোনটিতে?
ⓚ ধর্মে ⓚh কর্মে
ⓖ কতর্ব্য পালনে ⓖh তপস্যায়

১৩. আত্মার ধ্বংস নেই। কেননা আত্মা—
i. অব্যয়
ii. অবিনশ্বর
iii. বিনাশধর্মী
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

১৪. হিন্দু ধর্মানুসারে মানুষের পূর্ণাঙ্গ জীবনকাল কত বছর ধরা হয়েছে?
ⓚ ৭০ ⓚh ৮০
ⓖ ৯০ ⓖh ১০০

১৫. ঋষিগণ ভগবানের বাণী লাভ করেছেন কীভাবে?
ⓚ ধর্মচর্চা করে ⓚh শাস্ত্র অধ্যয়ন করে
ⓖ ধ্যানস্থ হয়ে ⓖh দৈবের মাধ্যমে

১৬. উনবিংশ শতকে মূর্তিপূজার পরিবর্তে কোনটি আসে?
ⓚ এক ব্রহ্ম চিন্তা ⓚh ভগবৎ চিন্তা
ⓖ ধ্যান সাধনা ⓖh যজ্ঞানুষ্ঠান

১৭. সত্যযুগের তাৎপর্য কী?
ⓚ তপস্যাই ছিল প্রধান ধর্ম
ⓚh জ্ঞানই ছিল প্রধান ধর্ম
ⓖ যজ্ঞই ছিল প্রধান ধর্ম
ⓖh দানই ছিল প্রধান ধর্ম

১৮. বিশ্বামিত্র কোন বর্ণের ব্যক্তি ছিলেন?
ⓚ ব্রাহ্মণ ⓚh ক্ষত্রিয়
ⓖ বৈশ্য ⓖh শূদ্র

১৯. ধর্মকর্মের মূল আধার কী?
ⓚ ঈশ্বর ⓚh দেবতা
ⓖ ভগবান ⓖh শরীর

২০. যোগাসনের সাথে কোনটির মিল আছে?
ⓚ ব্যায়াম ⓚh খেলাধুলা
ⓖ সংগীত ⓖh কুস্তি

http://teachingbd.com

২১. কোন আসনে বসে চুল আঁচড়ালে চুল পড়ে না বা পাকে না?
ক) বজ্রাসন খ) যোগাসন
গ) শবাসন ঘ) গোমুখাসন

২২. পৌরাণিক দেবতাদের উল্লেখ আছে কোন গ্রন্থে?
ক) মহাভারতে খ) পুরোনো গ্রন্থে
গ) পুরাণে ঘ) বেদে

২৩. কয়টি সাপ মনসাদেবীর হাত, মুকুট ও পাদদেশ ঘিরে থাকে?
ক) ৪ খ) ৬
গ) ৮ ঘ) ১০

২৪. ভক্তের আকাঙ্ক্ষা পূরণ হয়—
i. মানবসেবা করলে
ii. দেব-দেবীর পূজা করলে
iii. শিব পূজা করলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. নিষাদের রাজার নাম কী?
ক) হিরণ্যাক খ) হিরণ্যকশিপু
গ) হিরণ্যধনু ঘ) হিরণ্যমণু

২৬. কার সম্মুখে দ্রোণাচার্যের মূর্তি?
ক) ধৃতরাষ্ট্র খ) পাণ্ডু
গ) অর্জুন ঘ) একলব্য

২৭. মানুষ অনেক অসাধ্য সাধন করে কীসের গুণে?
ক) সহিষ্ণুতা খ) আন্তরিকতা
গ) আত্মত্যাগ ঘ) অধ্যবসায়

২৮. কৃষ্ণ ও বলরাম কোথায় গিয়েছিল?
ক) মথুরায় খ) দ্বারকায়
গ) অযোধ্যায় ঘ) নবদ্বীপে

২৯. কার পূজার জন্য জরাসন্ধ নরবলি দিতে চেয়েছিলেন?
ক) শনিদেবের খ) নারায়ণদেবের
গ) রুদ্রদেবের ঘ) বিশ্বকর্মাদেবের

৩০. শ্রী হরিচাঁদ ঠাকুরের পিতা জাতিগতভাবে কী ছিলেন?
ক) মৈথিলী ব্রাহ্মণ খ) রাঢ়া ব্রাহ্মণ
গ) বরেন্দ্র ব্রাহ্মণ ঘ) গৌড়ীয় ব্রাহ্মণ

৩১. "দল নাই যার বল নাই তার"—এটা কার উক্তি?
ক) শ্রী কৃষ্ণের খ) শ্রীরামের
গ) শ্রী চৈতন্যদেবের ঘ) শ্রীহরিচাঁদ ঠাকুর

৩২. "শ্রী শ্রী হরিলীলামৃত"— গ্রন্থের রচয়িতা কে?
ক) শ্রী হরিচাঁদ খ) শ্রী গুরুচাঁদ
গ) শ্রী তারকচন্দ্র সরকার
ঘ) শ্রী উমাচরণ

৩৩. শ্রীরামকৃষ্ণের নিকট নরেন্দ্রনাথ কোন মন্ত্রে দীক্ষা নেন?
ক) তারা মন্ত্রে খ) বৈদিক সন্ন্যাসমন্ত্রে
গ) ত্যাগের মন্ত্রে ঘ) সাধনমন্ত্রে

৩৪. বিশ্বনাথদত্তের পেশা কী ছিল?
ক) উকালতি খ) শিক্ষকতা
গ) ব্যবসা ঘ) চিকিৎসা

৩৫. বিশ্বভ্রমণ শেষে বিবেকানন্দ কত খ্রিষ্টাব্দে ভারত বর্ষে ফিরে আসেন?
ক) ১৮৯৫ খ) ১৮৯৭
গ) ১৮৯৯ ঘ) ১৯০১

৩৬. ভুবনমোহন সরকার কোন গোত্রের লোক ছিলেন?
ক) ব্রাহ্মণ খ) ক্ষত্রিয়
গ) বৈশ্য ঘ) শূদ্র

৩৭. 'সৎসঙ্ঘ আশ্রম' এর মধ্য দিয়ে গড়ে উঠেছে—
ক) ধর্ম ও কর্মের সমন্বয়
খ) ঈশ্বর দর্শনের সুযোগ
গ) আর্য জীবনের পথ
ঘ) ব্রহ্মের উপলব্ধি

৩৮. পৌরাণিক যুগে কে দেশপ্রেমের পরিচয় দিয়েছেন?
ক) প্রীতিলতা খ) বাঘাযতীন
গ) রানী রাসমণি ঘ) বিদুলা

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
চয়ন ক্ষত্রিয় পরিবারের সন্তান। তিনি ধর্মগ্রন্থ পড়ে জানেন, হিন্দুধর্মে অনেক আগে থেকেই বর্ণভেদ প্রথা চলে আসছে।

৩৯. চয়ন হিন্দুধর্মের কয়টি বর্ণের কথা জেনেছিলেন?
ক) ৪ খ) ৫
গ) ৬ ঘ) ৮

৪০. চয়নের দৃষ্টিতে এ বর্ণভেদের মাধ্যমে হিন্দু সম্প্রদায়ের মাঝে হতে পারে—
i. একত্বে প্রতিবন্ধক
ii. সামাজিক সম্প্রীতির অগ্রগতি
iii. ভ্রাতৃত্ব বন্ধনের প্রতিকূল
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | |
| ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | ক | ৪০ | গ |

http://teachingbd.com